# SAMPLE QUESTION PAPER

# (2024-25)

# SUBJECT- BENGALI (105)

# ( বাংলা)

# CLASS –XII

**TIME- 3 HOURS** **MAXIMUM MARKS- 80**

**Code No. 105**

**General Instructions:**

**1.** The question paper contains **15**printed pages.

**2.**The question paper contains **17**questions.

**3**. The question paper is divided into **two** Parts

**PART – A** : Objective type paper (MCQ) : **25** Marks

**PART – B** : Descriptive paper: **55** Marks

**4. PART – A** has**three** sections :

**Section – A: Reading ( Unseen Comprehension): 10 Marks**

**Section – B: Grammar :05 Marks**

**Section – C : Main Course Book : 10 Marks**

**PART- B** has**three** sections:

**Section – B: Grammar :08 Marks**

**Section – C : Supplementary Reader/ Non-detailed Text: 35Marks**

**Section – D : Creative Writing : 12Marks**

**Note: In the SQP few questions are marked as CBQ that means those are Competency Based Questions.**

**Class – XII**

**(2024 – 2025)**

**Subject – Bengali**

সময়- ৩ ঘণ্টা সর্বমোট অঙ্ক – ৮০

**Time : 3 Hours.** **Maximum Marks: 80**

## PART A: Objective Type Questions (MCQ)

### SECTION- A( Reading)

### (Unseen Comprehension)

**1.**নীচের অনুচ্ছেদ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচনকরে লেখো: 2x(1X5)=10

**A.** সুকুমার রায় কিংবা লুইস ক্যারোল বিভিন্ন জন্তুর খিচুড়ি পাকিয়েছিলেন সাবলীল দক্ষতায়| খানিক পরে জন্মালে সুকুমার বা ক্যারোলের কল্পনার দুনিয়ার মানুষ-যন্ত্র অথবা যন্ত্র-মানুষ ও স্থান পেতে পারতো সেকথা মনে করা যেতেই পারে। যদিও মানুষের সঙ্গে যন্ত্রের এই যোগসূত্র স্থাপনে কল্পনাকে ডানা মেলতে হয়েছে অনেকটা বেশি এবং তার সময় লেগেছে বেশ। যন্ত্র আর মানুষের এই সংযোগ কিন্তু সম্ভব দু'ভাবে। একটা যন্ত্রের খানিকটা মানুষ হয়ে ওঠার প্রসঙ্গে গত শতকের ষাটের দশকের জনপ্রিয় টিভি সিরিজ স্টার ট্রেকের কথা উঠবে, চব্বিশ শতকের প্রেক্ষাপটে কল্পবিজ্ঞানের সেই গল্পের এক চরিত্র ডেটা শারীর বৃত্তীয় ভাবে সম্পূর্ণ কার্যকরী এক অ্যান্ড্রয়েড, যার ছিল মানুষ হওয়ার অদম্য ইচ্ছা। যন্ত্র আর মানুষের যোগসূত্র স্থাপনের অন্য উপায়টা ছিল মানুষের মধ্যে যন্ত্রের বা যান্ত্রিকতার আবেশ ঘটানো। যন্ত্র আর মানুষের সংকর নিয়ে আলোচনা প্রসঙ্গে প্রথমে প্রাক্তন ব্রিটিশ সেনা হ্যারি পার্কারের কথা মনে করা যেতে পারে। আফগানিস্তানে থাকাকালীন এক আইইডি- তে হোঁচট খেয়ে বিস্ফোরণে দুটি পা-ই হারিয়েছিলেন। উন্নত প্রযুক্তির দুটি কৃত্রিম অঙ্গসংস্থাপনের পরে পার্কার নিজেকে খুঁজে পেলেন এক নতুন সত্তায় ,নতুন শরীরে; যে শরীরের ১২ শতাংশই হলো যন্ত্র। তাঁর ডান হাঁটু নিয়ন্ত্রিত হয় অত্যাধুনিক সেন্সরসহ একটি মাইক্রো প্রসেসর দ্বারা, যা পায়ের শক্তি আর গতির পরিমাপ করতে পারে। এ যেন তার পায়ের মধ্যে আর একটা মস্তিষ্ক থাকার ঘটনা। সাইবার্গ শব্দটা সাইবারনেটিক আর অর্গানিজম এই শব্দ দুটির 'হাঁসজারু' সংস্করণ। সত্তর দশকের জনপ্রিয় আমেরিকান টিভি সিরিজ 'দ্য সিক্স মিলিয়ন ডলার ম্যান'-এ বলা হয়েছে পৃথিবীর প্রথম বায়োনিক মানুষ তৈরীর উদ্দেশ্য তাকে তার মানুষ রূপের চেয়েও শ্রেয় হিসেবে গড়ে তোলা। আজকের দিনে কৃত্রিম বুদ্ধিমত্তা যখন তার প্রভাব বিস্তার করে চলেছে আমাদের জীবন ও জীবনশৈলীর প্রতিটি হৃদস্পন্দনে, তখন একটা প্রশ্ন আমাদের থাকতেই পারে যে,সাইবার তৈরির ফাঁকে আজকের বিজ্ঞানীরা 'ইমোশন' চিপ তৈরির সাধনাও চালিয়ে যেতে পারেন। ক্রমশ আরো বেশি পরিমাণে যন্ত্রমানব হতে হতে একুশ শতকের বেশিরভাগ মানুষের মধ্যে শতাংশের হিসাবে যন্ত্রের পরিমাণ বেশি হয়ে গেলে হয়তো সেই 'ইমোশন' চিপ দিয়ে আবার ফিরিয়ে আনতে হতে পারে আমাদের হারিয়ে যাওয়া মানবিক সত্তা, অবশ্যই যদি পুনর্মূষিক হবার সুযোগ তখনও থাকে তবেই।

I. সুকুমার রায় কিংবা লুইস ক্যারল এ যুগে জন্মালে জন্তুর খিচুড়ির বদলে বানাতেন-

A. যন্ত্রের খিচুড়ি

B.  মানুষের খিচুড়ি

C. যন্ত্র -মানুষের খিচুড়ি

D.  কল্পনার খিচুড়ি

II. স্টার ট্রেক-এর ডেটা কোন্ ইচ্ছা প্রকাশ করেছিল-

A.  মানুষ হওয়ার

B.  শক্তিশালী অ্যান্ড্রয়েড হওয়ার

C.  অনুভূতিহীন  হওয়ার

D.  যান্ত্রিক হয়ে ওঠার

**CBQ** III. মন্তব্য: বিজ্ঞানীদের ক্ষেত্রে 'ইমোশন' চিপ তৈরি করার সাধনা হয়ত প্রয়োজনীয় হয়ে উঠবে-

কারণ(ক).মানুষকে মানবিক সত্তা আবার ফিরিয়ে দিতে হবে

কারণ(খ). মানুষকে মানুষের রূপের চেয়েও শ্রেয় হিসেবে গড়ে তুলতে হব

মন্তব্যের প্রেক্ষিতে কোন্ কারণটি সঠিক?

A. কারণ (ক)ঠিক, (খ) ভুল

B. কারণ(ক)ভুল, (খ) ঠিক

C. কারণ (ক) ও (খ)-দুটোই ভুল

D. কারণ(ক) ও (খ)- দুটোই ঠিক

IV. যন্ত্র আর মানুষের যোগসূত্র স্থাপনের আরেক উপায় ছিল-

A. যন্ত্রের মধ্যে মানুষের আবেশ তৈরী করা

B. মানুষের মধ্যে যান্ত্রিকতার আবেশ ঘটানো

C. যন্ত্র ও মানুষের সঙ্গে কল্পনার সম্পর্ক ছিন্ন করা

D. শুধুমাত্র যন্ত্রের সঙ্গে কল্পনার সম্পর্ক ছিন্ন করা

**CBQ** V. 'জীবন' শব্দের সমার্থক শব্দটি হল -

A. চিত্ত

B. মরণ

C. আয়ু

D. মন

**B.** পরীক্ষা দিতে তোমাদের একেবারেই ভালো লাগে না তো?না কি লাগে! আমাদের কিন্তু লাগত না | পড়াশুনো তো ভালোই, তবে পরীক্ষার কথা ভাবলেই হাত-পা কেমন ঠাণ্ডা হয়ে যেত আমাদের| অথচ, সেই আমাদের ছোট্ট স্কুলে, দু-একবার এমনই হল যে, পরীক্ষাটাও হয়ে উঠলো বেশ একটা ভীষণ ব্যাপার| কীভাবে জানো? হেড মাস্টারমশাই একবার ক্লাসে এসে বললেন :"একটা জিনিস কখনো কি ভেবে দেখেছ তোমরা? এই সময়ে হলঘরে মাস্টারমশাইরা ঘুরে বেড়ান গার্ড হয়ে, তোমাদের পক্ষে এটা খুব লজ্জার কথা নয়?" লজ্জা? লজ্জা কেন? হেড মাস্টারমশাই কি ভয়টাকেই ভুল করে লজ্জা বলছেন? খসখস করে লিখে দিচ্ছে সবাই খাতার পাতায়, আর

মাস্টারমশাইরা নিজেদের মধ্যে গুনগুন করতে করতে ঘুরে বেড়াচ্ছেন ঘরে আর বসে আছেন চেয়ারে, মাঝে মাঝে হেঁকে উঠছেন, 'নো হামিং, নো হামিং' - ভাবলেই কি ভয় হয় না? মাঝে মাঝে মনে হয়, ওখান থেকেই তো আসছে 'হামিং', আমরা আর করছি কতটুকু? কিন্তু সে কথা সাহস করে আর বলে কে? না:, লজ্জার কথা মনে হয় নি কখনো| মাস্টারমশাইরা পাহারাদার হয়ে ঘুরে বেড়াচ্ছেন পরীক্ষার ঘরে, এ'ছবিটা ভাবলে কেবল ভয়েরই কথা মনে হত আমাদের| কিন্তু হেড মাস্টারমশাই আমাদের বোঝালেন যে ভয় নয়, এর মধ্যে আছে একটা লজ্জা| "ঘরে যদি কেউ না থাকে তাহলেই কি তোমরা এ ওর দেখে লিখবে? বই খুলে লিখবে? মাস্টারমশাইরা কি কেবল সেটা ঠেকাবার জন্য ঘরে বসে থাকবেন পুলিশ হয়ে? পরীক্ষা কি তবে চোর-পুলিশ খেলা? দেখো তো ভেবে! তোমাদের কি এইটুকুও বিশ্বাস করা যাবে না? শুধু সন্দেহই করতে হবে?"

I. পরীক্ষার কথা ভাবলেই লেখকের কেমন অনুভূতি হত?

A. মন আনন্দে বিহ্বল হত

B. একদম ভালো লাগত না

C. হাত - পা কেমন ঠাণ্ডা হয়ে যেত

D. দুচোখ ভ'রে কান্না আসত

II. হেডমাস্টার মশাইয়ের মতে, ছাত্রদের পক্ষে কোনটি লজ্জার কথা?

A. পরীক্ষার সময় মাস্টারমশাইদের নিজেদের মধ্যে কথা বলা

B. পরীক্ষার সময় ছাত্রদের নিজেদের মধ্যে কথা বলা

C. পরীক্ষার সময় ছাত্রদের অসৎ উপায় গ্রহণ করা

D. পরীক্ষার সময় মাস্টারমশাইদের গার্ড হয়ে ঘুরে বেড়ানো

III. কোন্ কথা ভাবলেই ছাত্রদের ভয় হয়?

A. পরীক্ষার সময় মাস্টারমশাইদের গার্ড হয়ে ঘুরে বেড়ানোর কথা

B. চেয়ারে বসে মাস্টারমশাইদের 'নো হামিং, নো হামিং' বলে ডাক দেওয়ার কথা

C. চেয়ারে বসে মাস্টারমশাইদের 'হামিং আসছে , হামিং আসছে' বলে ডাক দেওয়ার কথা

D. অসৎ উপায় গ্রহণ করতে গিয়ে মাস্টারমশাইদের হাতে ধরা পড়ার কথা

**CBQ** IV.মন্তব্য: হেডমাস্টারমশাই পরীক্ষাকে 'চোর-পুলিশ খেলা' বলেছিলেন

কারণ(ক): মাস্টারমশাইরা একে অপরের সঙ্গে পুলিশের মত করে কথা বলবে আর সেই সুযোগে ছাত্ররা নিজেদের মধ্যে কথা বলবে বা চোরের মত বই দেখে নেবে|

কারণ(খ): পরীক্ষাহলে ছাত্রদের বিশ্বাস না করায় মাস্টারমশাইদের সবসময় সজাগ থাকতে হবে|

মন্তব্যের প্রেক্ষিতে কোন্ কারণটি সঠিক?

A. কারণ (ক)ঠিক, (খ) ভুল

B. কারণ(ক)ভুল, (খ) ঠিক

C. কারণ (ক) ও (খ)-দুটোই ভুল

D. কারণ(ক) ও (খ)- দুটোই ঠিক

**CBQ** V. 'ঘর' শব্দটির বিপরীত শব্দ হল-

A. বাইরে

B. অন্দর

C. বাহির

D. বিদেশ

## SECTION- B (Grammar)

**2.**যে কোনো **<u>পাঁচটি</u>** বাগধারা/প্রবাদের সঠিক উত্তরনির্বাচন করে লেখো:(**MCQ**) 1X5=5

I. 'ক্ষণভঙ্গুর' বোঝাতে কোন্ বাগধারাটি প্রয়োগ করা হয়?

A. তীর্থের কাক

B. তাসের ঘর

C. অমাবস্যার চাঁদ

D. হাতের পাঁচ

II. কচিকাঁচাদের কাছে রবীন্দ্র-জীবনদর্শন ব্যাখ্যা করা আর উলুবনে মুক্তো ছড়ানো একই |- এখানে 'উলুবনে' মুক্তো ছড়ানো' বাগধারাটি যে অর্থে ব্যবহার করা হয়েছে তা হল -

A. সঠিক পাত্রে দান করা

B. মুক্তো ছড়িয়ে কাজ করানো

C. মুক্তোর চাষ করা

D. অপাত্রে দান করা

III. 'অন্ধভাবে অগ্রগামীর অনুগমন' বোঝাতে কোন্ বাগধারাটি প্রয়োগ করা হয়?

A. গড্ডলিকা প্রবাহ

B. ভস্মে ঘি ঢালা

C. কূপমণ্ডূক

D. টনক নড়া

**CBQ** IV. নীচের কোন্ বাক্যে 'হাতের লক্ষ্মী পায়ে ঠেলা' প্রবচনটির সঠিক প্রয়োগ হয়েছে?

A. রমেশ লক্ষ্মীর প্রতিমা নিজের হাতে কিনে এনে সিংহাসনে না বসিয়ে বারান্দায় রেখে দিল, এ'যেন হাতের লক্ষ্মী পায়ে ঠেলা |

B. স্বপন সেদিন অত ভালো মাইনের চাকরিটা অবহেলা করে ছেড়ে দিল আর তারপরে তেমন ভালো চাকরি না পেয়ে এখন বেকার হয়ে ঘুরে বেড়াচ্ছে-একেই বলে হাতের লক্ষ্মী পায়ে ঠেলা |

C.রতনবাবু আজ যে এত সম্পত্তির অধিকারী, সে তো সবই তাঁর স্ত্রীয়ের দৌলতে; অথচ তাঁকেই তিনি অপমান করে বাড়ি থেকে তাড়িয়ে দিলেন- এটাই হলো হাতের লক্ষ্মী পায়ে ঠেলা |

D. তারা ভেবেছে হাতের লক্ষ্মী পায়ে ঠেলা খুব ভালো কাজ, তাই কিছু বিবেচনা না করেই আজকের ধর্মঘটে সামিল হয়েছে |

V. 'নুন আনতে পান্তা ফুরায়' বাগধারাটির অর্থ -

A. খুব টানাটানির সংসার

B. নুন সহ সুস্বাদু পান্তাভাত

C. স্পষ্ট কথা বলা

D. দু'দিকেই বিপদ

VI. 'ছাই ফেলতে ভাঙা কুলো' প্রবচনটির অর্থ -

A. লুকানো প্রতিভা

B. সহজপ্রাপ্য দ্রব্য

C. অবহেলিত শেষ সম্বল

D. একমাত্র অবলম্বন

VII.এক মহৎ উদ্দেশ্যে পাড়ার ক্লাবের সব সদস্য মিলে যেসাংস্কৃতিক অনুষ্ঠান করার উদ্যোগ নিয়েছে তা সার্থকতা পেলে ভালো, না পেলেও ক্ষতি নেই| কথায় আছে__________ | - শূন্যস্থানে কোন্ প্রবচনটি বসবে?

A. শক্তের ভক্ত নরমের যম

B. ধর্মের কল বাতাসে নড়ে

C. নাচতে না জানলে উঠোন বাঁকা

D. দশে মিলি করি কাজ হারি জিতি নাহি লাজ

VIII.'নতুনভাবে শুরু করা' বোঝাতে কোন্ বাগধারাটি প্রয়োগ করা হয়?

A. কেঁচে গণ্ডূষ

B. শাঁখের করাত

C. চোখে সর্ষে ফুল দেখা

D. পাকা ধানে মই

## SECTION- C

### (Main Course Book)

3. **পাঠ্যনাটক**থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো(যে কোনো **পাঁচটি**)(**MCQ**): 1X5=5

I. দিলদার কে ছিলেন ?

A. 'নানা রঙের দিন' নাটকের একটি চরিত্র

B. 'রিজিয়া' নাটকের একটি চরিত্র

C. 'সাজাহান'নাটকের একটি চরিত্র

D. ‘চন্দ্রগুপ্ত’ নাটকের একটি চরিত্র

**CBQ** II. মন্তব্য: অভিনেতা রজনীকান্তের বাড়ি ফিরতে ভালো লাগত না

কারণ(ক): গার্হস্থ্য জীবন তিনি পছন্দ করতেন না

কারণ(খ): তাঁর বাড়িতে আপনজন বলে কেউ ছিল না

মন্তব্যের প্রেক্ষিতে কোন্ কারণটি সঠিক?

A. কারণ (ক)ঠিক, (খ) ভুল

B. কারণ (ক)ভুল, (খ) ঠিক

C. কারণ (ক) ও (খ)-দুটোই ভুল

D. কারণ (ক) ও (খ)-দুটোই ঠিক

III. “এ: , একেবারে রামধেনো"- ‘রামধেনো’ হল -

A. বিশেষ ধরনের প্রহার

B. জংলা ফুল বিশেষ

C.একটি ঘোড়ার নাম

D. কড়া দেশী মদ

IV. "A horse ! A horse ! My kingdom for a horse!”-কোন্ নাটকের সংলাপ?

A.‘ওথেলো’

B. ‘রিচার্ড দ্য থার্ড’

C.‘হ্যামলেট’

D.‘মার্চেন্ট অফ ভেনিস’

**CBQ** V. ‘নানা রঙের দিন’ নাটকের মঞ্চনির্দেশে পাই -“পেশাদারি থিয়েটারের একটি ফাঁকা মঞ্চ|”- মঞ্চটি ফাঁকা থাকার কারণ -

A. অনেকক্ষণ আগেই অভিনয় শেষ হয়ে গিয়েছিল

B. রজনীকান্ত নিজেই ফাঁকা মঞ্চ চেয়েছিলেন

C. নাটক মঞ্চস্থ হওয়ার সময় অনেক দেরিতে ছিল

D. অন্য কোনো নাটক মঞ্চস্থ হওয়ার কথা ছিল না

VI. ‘যা করেছি ধর্মের জন্য…’–নাটকে ব্যবহৃত উক্তিটির মাধ্যমে বক্তার চরিত্রের কোন্ দিকটি ফুটে উঠেছে?-

A. সারল্যের দিক

B. ধর্মীয় ভাবনার দিক

C. কপটতার দিক

D. ভালবাসার দিক

**4**.**পাঠ্যসহায়ক পাঠ** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো (যে কোনো **<u>পাঁচটি</u>**)(**MCQ**):

1X5=5

I. সোমেশ্বরী নদীর স্রোতকে যার সঙ্গে তুলনা করা হয়েছে তা হল -

A. বাঘের গর্জন

B. হাতির দাঁত

C. কুমিরের দাঁত

D. সিংহের গর্জন

**CBQ** II. মন্তব্য: গারো পাহাড় অঞ্চলের অধিবাসীরা সাধারণদের 'বাঙাল' বললে কথক রাগ করতে নিষেধ করেছেন-

কারণ(ক): আমরা তাদের আপন ভাবলেও তারা আমাদের পর-পর ভাবে

কারণ(খ): আমরা তাদের আপন করে নিই নি বলে তারাও আমাদের আপন বলে ভাবে না

মন্তব্যের প্রেক্ষিতে কোন্ কারণটি সঠিক?

A. কারণ(ক)ও(খ)দুটোইসঠিক

B. কারণ(ক)ভুল কিন্তু(খ)সঠিক

C. কারণ(ক)ও (খ)দুটোই ভুল

D. কারণ(ক)সঠিক কিন্তু(খ)ভুল

III. হাজং, ডালুদের ভাষা হল -

A. বাঙাল

B. বাঙালি

C. বাংলা

D. নেপালী

**CBQ** IV."আজ আর তার স্নান হবে না|"-কারণ -

A. ছোটো ভাইটা জল ধরে রাখতে পারে নি

B. সকাল থেকেই কলের সামনে বহু মানুষের ভিড়

C. কলে জল আসে নি

D. খুব তাড়াতাড়ি সুড়ঙ্গে নামতে হবে

V. ঢিকোতে ঢিকোতে প্যাসেঞ্জার ট্রেন কোথায় থামবে?

A. সকরিগলি ঘাটে

B. মনিহারি ঘাটে

C. ভাগলপুরে

D. সাহেবগঞ্জে

VI. বক্সা জেলখানায় ঢুকেই দেখা যায় দেয়ালের গায়ে লেখা আছে-

A. চুরি করা মহাপাপ

B. চুরি করা অপরাধ

C. চুরি করা অধর্ম

D. চুরি করা অন্যায়

## PART B: Descriptive Questions

## SECTION- B (Grammar)

**5**. ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির **যে কোনো একটির দু'টি** উদাহরণসহ সংজ্ঞা লেখো :(2+2)X1=4

অপিনিহিতি **অথবা** স্বরসঙ্গতি **অথবা** স্বরভক্তি

**6**. **শব্দার্থতত্ত্বের** নিম্নলিখিত প্রকারভেদগুলির যে কোনো **একটির তিনটি** উদাহরণসহ সংজ্ঞা লেখো : (2+2)X1=4

শব্দার্থের উৎকর্ষ **অথবা** শব্দার্থের সংকোচন

## SECTION- C

## Supplementary Reader/ Non-detailed Text

**7.** "বচসা বেড়ে গেল|"- 2+3=5

a. কোন্ প্রসঙ্গে লেখকের এই উক্তি?

**CBQ** b. বচসার কারণ বুঝিয়ে লেখো|

**OR**

"নিখিল শোনে আর তার মুখ কালি হয়ে যায়|"-

a.কোন্ কথা শুনে নিখিলের মুখ কালি হয়ে যায়?

**CBQ** b. তার মুখ কালি হয়ে যাওয়ার কারণ বুঝিয়ে লেখো|

**CBQ** 8. "ওরা হেসে উঠল-|"-- 'ওরা' হেসে উঠল কেন? 2

**CBQ** 9. 'দেহে ক্ষমতা ছিল না'-দেহের ক্ষমতাকে ছাপিয়ে উদ্দিষ্ট ব্যক্তির কাঠ কাটার প্রয়োজন পড়েছিল কেন? 3

**OR**

**CBQ** 'ওটা পাশবিক স্বার্থপরতা'-এই উক্তির মাধ্যমে বক্তা কী বোঝাতে চেয়েছেন বলে তুমি মনে করো?

**CBQ 10.** সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো: 5x1=5

"সত্যের দারুণ মূল্য লাভ করিবারে,
মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে|"

**OR**

"শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়"

**CBQ 11.** “চিনিলাম আপনারে
আঘাতে আঘাতে
বেদনায় বেদনায়”- কবির একথা বলার কারণ কী? 3

**OR**

**CBQ** “কেন তবে লেখা, কেন গান গাওয়া
কেন তবে আঁকাআঁকি ?”- এখানে কবির কোন্ মনোভাবের প্রকাশ ঘটেছে বলে তুমি মনে করো?

**12.** “এত যে শুনি বাইজেনটিয়াম, সেখানে কি সবাই প্রাসাদেই থাকত ?”- 2+3=5

a. বাইজেনটিয়াম-এর পরিচয় দাও|

**CBQ** b. পংক্তিটির মাধ্যমে কবি কোন্ সত্যকে প্রকাশ করতে চেয়েছেন বলে তোমার মনে হয় ?

**OR**

“কত সব খবর, কত সব প্রশ্ন”-

a. ‘কত সব খবর’ বলতে কী বোঝানো হয়েছে?

**CBQ** b. কবিতায় ‘কত সব প্রশ্ন’ উচ্চারিত হওয়ার কারণ কী বলে তুমি মনে করো ?

**13.** “Life’s but walking shadow, a poor player
That struts and frets his hour upon stage
And then is heard no more”--- 2+3 =5

a. কোন্ মূল নাটকের সংলাপ কে,বক্তা কখন ব্যবহার করেছেন ?

**CBQ** b. বক্তার জীবনে উদ্ধৃতিটির প্রাসঙ্গিকতা কতটা আছে বলে তোমার মনে হয় ?

**OR**

“থিয়েটারের দেওয়ালে দেওয়ালে অঙ্গারের গভীর কালো অক্ষরে লেখা আমার জীবনের পঁয়তাল্লিশটা বছর” -

a. কোন্ প্রেক্ষিতে, কার এই অতীত রোমন্থন ?

**CBQ** b. অতীত চারণার সূত্রে বক্তার জীবনের কোন্ সত্য প্রকাশিত ?

**14.** “তারা সুয়োরানির ছেলে”- 3+2=5

a. ‘সুয়োরানির ছেলে’দের বর্ণনা দাও।

**CBQ** b. তাদের ‘সুয়োরানির ছেলে’ বলে অভিহিত করা কতটা যুক্তিপূর্ণ বলে তুমি মনে করো?

**OR**

“বিশ্বাস করো বানানো গল্প নয়”-

a. গল্পটি সংক্ষেপে লেখো।

**CBQ** b. গল্পের সূত্রে সেই সময় পর্বের সমাজের কোন্ চিত্র প্রকাশিত?

**15.**পাতালপুরীর রাজ্যেখনির নিজস্ব হাসপাতালকে মজুররা কেন 'যমের মতো ভয় করে'? 2

**OR**

"তাই প্রজারা বিদ্রোহী হয়ে উঠলো|"- প্রজারা কীভাবে বিদ্রোহী হয়ে ওঠার প্রস্তুতি নিয়েছিল?

## Section-D

### Creative Writing

**16**. নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো :

1+2+3=6

নিজস্ব সংবাদদাতা, কলকাতা: ব্যাঙ্কিং-এর সহজ পাঠ এবার স্কুল পাঠ্য বইতে অন্তর্ভুক্ত করা হচ্ছে| নতুন শিক্ষাবর্ষে সপ্তম শ্রেণীর স্বাস্থ্য ওশারীরশিক্ষা বইয়ে বিষয়টি নতুন করেসংযুক্ত করা হয়েছে| ব্যাঙ্কিং-এর খুঁটিনাটি, চেক ইত্যাদি বিষয় নিয়ে তৈরি করা হয়েছে একটি বিশেষ অধ্যায়| পাশাপাশি ব্যাংকিংয়ে সাইবার ক্রাইম নিয়েও স্কুলপড়ুয়াদের সচেতন করার চেষ্টা করা হয়েছে| শিক্ষাদপ্তর সূত্রে জানা গিয়েছে, গতবছরে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া পড়ুয়াদের অর্থনৈতিক দিক দিয়ে 'সাক্ষর' করে তোলার জন্য আবেদন করেছিল| অর্থনৈতিক সাক্ষরতা সংক্রান্ত একটি অধ্যায়ের মধ্যে কবিতার মাধ্যমে ব্যাংক একাউন্ট কীভাবে খুলতে হয়, কী কী নথি লাগে ইত্যাদি বলা হয়েছে|ফর্ম জমা করার পর ব্যাংক তা নিয়ে কী কাজ করে সেটাও ছড়া দিয়ে বুঝিয়ে দেওয়া হয়েছে| পাশাপাশি ব্যাংকের ' আই এফ এস সি' সম্পর্কে বিবরণ দেওয়া হয়েছে| এই কোডের পুরো নাম কী, কেন তা জরুরি ইত্যাদি বলা হয়েছে|আয়করে ছাড় মিলতে পারে, এমন কিছু প্রকল্পের নামও বলা হয়েছে এই অধ্যায়ে| কোনও প্রকল্পে গ্রাহকের প্রাপ্য টাকা যে তার একাউন্টে সরাসরি চলে যায়, সেই প্রক্রিয়া বা 'ডিরেক্ট বেনিফিট ট্রান্সফার' সম্পর্কেও বুঝিয়ে বলা হয়েছে| ব্যাঙ্কিং-এর ক্ষেত্রে এইসব মৌলিক বিষয় সম্পর্কে ছোট থেকেই একটা ধারণা বা বোধ তৈরী করার লক্ষ্যেই স্কুল পাঠ্যক্রমে বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে|

**CBQ** a. উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

b. কবিতা ও ছড়ার মাধ্যমে কী,কী বোঝানো হয়েছে?

c. তিনটি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত করো|

**CBQ 17.** তোমার অঞ্চলে প্রধান রাস্তার পাশে একটি খোলা মাঠে আয়োজিত হবে খাদ্যমেলা- সেই মেলায় স্টল বুকিং-এর জন্য আগ্রহীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে||- এই বিষয় অবলম্বনে একটি বিজ্ঞাপন রচনা করো(৫০ টি শব্দের মধ্যে)| 6

**OR**

তোমার পাড়ার কোনও কমিউনিটি হলে প্রতি শনিবার ও রবিবার ছোটদের ছবি আঁকা, নাচ, গান,আবৃত্তি শেখানোর জন্য একটি স্কুল খোলা হবে|- এই বিষয় অবলম্বনে একটি বিজ্ঞাপন রচনা করো(৫০ টি শব্দের মধ্যে)|

---